

ঃ নিয়োগ পত্র ঃ

শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর আওতায় Upazila ICT Training and Resource Centre for Education (UITRCE) এর জন্য অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত ল্যাব এ্যাসিস্টেন্ট পদে ব্যানবেইস-এর বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে মুক্তিযোদ্ধা কোটায় চাকুরির জন্য নির্বাচিত প্রার্থীদের মুক্তিযোদ্ধা সনদপত্র যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়াত্তে প্রেরিত সাময়িক প্রত্যয়নের প্রেক্ষিতে নিম্নে উল্লিখিত প্রার্থীকে জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী টা: ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে এবং নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

ক্রঃ নং	রোল নং	প্রার্থীর নাম	পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা
১	৪১৮	রেহানা সুলতানা	পিতা-মোল্লা মোঃ আব্দুস সালেক মাতা-পারুল হায়দার	গ্রাম-বারাশিয়া, ডাকঘর+উপজেলা+জেলা-মাগুরা

নিয়োগের শর্তাবলীঃ

- (১) পরিচালক, ব্যানবেইস বরাবরে লিখিত যোগদানপত্র সহকারে ব্যানবেইস-এ ০৪.০৫.২০১৬ তারিখের মধ্যে যোগদান করতে হবে এবং যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে।
- (২) যোগদানের সময় সকল সনদপত্র এবং এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক যোগদানপত্র দাখিল করতে হবে।
- (৩) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ বিষয় প্রচলিত আইন, বিধিমালা এবং সরকার কর্তৃক প্রদত্ত আদেশ/নির্দেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- (৪) মেধাক্রম অনুযায়ী চাকুরিতে তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।
- (৫) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং সরকারি বিধিবিধান অনুসরণ পূর্বক চাকুরি স্থায়ী করা হবে।
- (৬) চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ দাখিল করতে হবে।
- (৭) চাকুরিতে যোগদানের পর পুলিশি তদন্ত কাজ সম্পন্ন করা হবে। যোগদানের সময় পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে দাখিল করতে হবে।
- (৮) প্রার্থীর কোন তথ্য, সনদপত্র ভূয়া/মিথ্যা/জালিয়াতি প্রমাণিত হলে এবং পুলিশি তদন্তে সন্তোষজনক প্রতিবেদন পাওয়া না গেলে এ নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- (৯) যোগদানের তারিখ হইতে ২ (দুই) বছর পর্যন্ত শিক্ষানবিশকাল হিসাবে গণ্য হবে। সন্তোষজনক শিক্ষানবিশকাল শেষে তাহাকে চাকরীতে স্থায়ী করা হবে।
- (১০) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- (১১) নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- (১২) এ নিয়োগ যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতীত বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/

(মোঃ ফসিউল্লাহ)

পরিচালক

২১ চৈত্র-১৪২২

তারিখঃ -----

২৪ এপ্রিল-২০১৬

নং-৩৭.২০.০০০০.০০১.০১৮.০২৯-২০১৪-

৩০৭৫/২ (২৬)

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: সহকারী সচিব, শাখা-৫)।
- ২। অতিরিক্ত সচিব, (অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক,
- ৪। সিভিল সার্জন,জেলা।
- ৫। আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সংশ্লিষ্ট অঞ্চল।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৭। নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার, ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস.....।
- ৮। জেলা শিক্ষা অফিসার,জেলা.....।
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার,.....উপজেলা.....।
- ১০। সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, ব্যানবেইস (নিয়োগপত্রটি জরুরি ভিত্তিতে ব্যানবেইস এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা.....জেলা.....।
- ১২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, উপজেলা.....জেলা.....।
- ১৩। সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই, উপজেলা.....জেলা.....।
- ১৪। জনাব/বেগম.....।
- ১৫। হিসাব শাখা, ব্যানবেইস, ঢাকা।
- ১৬। সংরক্ষণ নথি।

২৪/০৪/১৬
(মোহঃ তরিকুল ইসলাম)
প্রশাসনিক কর্মকর্তা (অ.দা.)